



বাংলাদেশ কৃষি ব্যাংক  
মানিলভারিং, সম্ভ্রাসে অর্থায়ন প্রতিরোধ ও আরএমডি  
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

dgmamlcft@krishibank.org.bd

Phone: ০২২২৩৩৮৪৪৮৬

নং- প্রকা/এএমএল-৫(ডাটা)/২০২৫-২০২৬/৭৪২

তাগিদপত্র-৩

১২ আগস্ট ২০২৫

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়  
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা  
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক  
ব্যবস্থাপক, সকল শাখা (মুখ্য আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক কার্যালয় এর মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ গ্রাহকের মৌলিক তথ্যাদি (CIF) হালনাগাদ কার্যক্রম ডিসেম্বর-২০২৫ এর মধ্যে ১০০% সম্পন্নকরণ প্রসংগে।

মহোদয়

০১। CIF হালনাগাদকরণ বিষয়ক BFIU এর পত্র নং-বিএফআইইউ(পলিসি)-২৮/২০২৩-১৯০, তারিখ ২৭-০৮-২০২৩ এবং অত্র বিভাগের পত্র নং-৫০৭৪, তারিখ ২২-০৪-২০২৫ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


০২। উক্ত পত্রের আলোকে CIF আপডেট কার্যক্রম ১০০% সম্পন্ন করার জন্য অত্র বিভাগ কর্তৃক মাঠ কার্যালয়সমূহে বিগত বিভিন্ন তারিখে তাগিদ প্রদান করা হয়েছে, যার সর্বশেষ ডেড লাইন ছিলো জুন-২০২৫। বিভাগওয়ারী তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, ব্যাংকের CIF Update কার্যক্রমের অগ্রগতি খুবই হতাশাজনক।

০৩। উল্লেখ্য, জুলাই-২০২৫ মাসে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব মহোদয়ের সাথে অত্র ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নেতৃত্বে এক বৈঠককালে গ্রাহকের তথ্য হালনাগাদ কার্যক্রম নিয়ে গভীর অসন্তোষ প্রকাশপূর্বক উহা দ্রুততম সময়ে সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। সে প্রেক্ষিতে, ব্যাংকের ৩০-০৬-২০২৫ ভিত্তিক CIF হালনাগাদের বিভাগওয়ারী তথ্য এবং শাখাসমূহের ডিসেম্বর/২০২৫ এর মধ্যে শতভাগ অর্জনের টার্গেট নিম্নরূপ।

বিভাগ	গ্রাহক	নিয়মিত গ্রাহকের CIF Update	মোট CIF Update	আগস্ট ২০২৫	সেপ্টেম্বর ২০২৫	অক্টোবর ২০২৫	নভেম্বর ২০২৫	ডিসেম্বর ২০২৫
ঢাকা	১৯,৯৯,৬৮৫	৮৭.৪২%	৫৩.৮৭%	৬০%	৭০%	৮০%	৯০%	১০০%
চট্টগ্রাম	১৩,২৩,৮২৫	৮৯.২৩%	৫৫.০৬%	৬০%	৭০%	৮০%	৯০%	১০০%
কুমিল্লা	১৯,৯০,৮২৮	৮৩.৫৫%	৪৫.৪৭%	৬০%	৭০%	৮০%	৯০%	১০০%
বরিশাল	১৬,৫৮,১৯৫	৮৭.৬৫%	৪৮.৬০%	৬০%	৭০%	৮০%	৯০%	১০০%
ফরিদপুর	১১,৫৯,৮৪৬	৯২.৭২%	৫৩.০৪%	৬০%	৭০%	৮০%	৯০%	১০০%
ময়মনসিংহ	২৪,১১,৫২৩	৭৯.৪৬%	৪৩.৫৩%	৬০%	৭০%	৮০%	৯০%	১০০%
সিলেট	১৪,১৮,৩৮৮	৯৩.৫৭%	৪৭.০৮%	৬০%	৭০%	৮০%	৯০%	১০০%
খুলনা	১৩,৫৯,৩২২	৯৬.২৫%	৫৭.৮২%	৬০%	৭০%	৮০%	৯০%	১০০%
কুষ্টিয়া	১০,৭৪,৮০০	৯৪.৮৬%	৫২.০২%	৬০%	৭০%	৮০%	৯০%	১০০%
মোট	১৪৩৯৬৪১২	৮৮.১৩%	৪৯.৯৮%	৬০%	৭০%	৮০%	৯০%	১০০%

০৪। এমতাবস্থায়, আপনার বিভাগাধীন শাখাসমূহের CIF হালনাগাদ কার্যক্রম আগামী ৩১-১২-২০২৫ এর মধ্যে আবশ্যিকভাবে শতভাগ (১০০%) সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। গ্রাহকের মৌলিক তথ্যাদি হালনাগাদ বিষয়ক শাখা ভিত্তিক বিভাগওয়ারী তথ্য সংযুক্তি আকারে দেয়া হলো। উল্লেখ্য, CIF এর তথ্য হালনাগাদ না করার ফলে কোন জটিলতার উদ্ভব হলে তার দায় সংশ্লিষ্টগণের উপর বর্তাবে।

আপনার বিশ্বস্ত

  
(এফ এম এ রহিম)

উপমহাব্যবস্থাপক

ও

উপপ্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)

সদয় অবগতিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, CAMLCO মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। নথি/মহানথি।